



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

24 AUGUST 2024

7:35 AM IST

তিনদিনের বরাক উপত্যকা সফরে আসা মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিশ্ব শর্মা আজ সকাল ৮ টা ৪৫ মিনিটে শিলচর মেডিকেল কলেজ পরিদর্শন করবেন। এরপর সকাল দশটায় তিনি কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক পর্যালোচনা সভায় অংশগ্রহণ করবেন এবং পরে সাংবাদিক সম্মেলনে অংশগ্রহণ করবেন। ডঃ শর্মা আজ গুয়াহাটি ফিরে যাবেন।

এদিকে তাঁর সফরের দ্বিতীয় দিনে গতকাল তিনি করিমগঞ্জ জেলাগ্রন্থাগার প্রেক্ষাগৃহে আয়োজিত কার্যনির্বাহকদের এক সম্মেলনে অংশগ্রহণ করেছেন। মুখ্যমন্ত্রী বিগত লোকসভা নির্বাচনে করিমগঞ্জ লোকসভা আসনে বিজেপির সাফল্যের জন্য দলের সর্বস্তরের কর্মকর্তাদের ধন্যবাদ জানান। আগামী দুর্গা পূজোর আগে করিমগঞ্জের রাস্তাঘাটের সংস্কার করা হবে বলেও মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন বলে আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন। ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচনে গ্রাম পঞ্চায়েতের পদে দলীয় প্রতীক চিহ্ন ছাড়াই প্রার্থীদের নির্বাচনে অবতীর্ণ হতে হবে বলে বিজেপির এই প্রবীণ নেতা জানিয়েছেন। তাঁর এই সফরে মুখ্যমন্ত্রীর সঙ্গে রাজ্যের মন্ত্রী জয়ন্তমল্ল বড়ুয়া, সাংসদ কৃপানাথ মালাহ, চার বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ, বিজয় মালাকার, কৃষ্ণেন্দু পাল, কৌশিক রাই সহ জেলা বিজেপির কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মুখ্যমন্ত্রী গতকাল হাইলাকান্দ্রির রবীন্দ্র ভবন প্রেক্ষাগৃহে আয়োজিত এক কর্মকর্তা সম্মেলনে অংশগ্রহণ করে আগামী ২০২৬ সালে অনুষ্ঠেয় রাজ্যবিধানসভা

নির্বাচনে হাইলাকান্দি জেলার দুটি বিধানসভা আসনই যাতে দখল করা যায়, সেবিষয়ে কাজ করে যেতে দলীয় কর্মীদের প্রতি আহ্বান জানান । পরে তিনি হাইলাকান্দি জেলার উন্নয়নের জন্যে নির্বাচনে দেওয়া প্রতিশ্রুতি অনুসারে একটি মেডিকেল কলেজ স্থাপন, একটি শীততাপ নিয়ন্ত্রিত প্রেক্ষাগৃহ এবং নতুন আবর্ত ভবন নির্মাণের প্রতিশ্রুতি দিয়েছেন বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন । তিনি নগাঁওয়ের ধিং'এ সংঘটিত নাবালিকা ধর্ষণের ঘটনা নিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তুবিষ্ণু শর্মা নগাঁও জেলার ধিং'এ জনৈক ছাত্রীকে যৌন নির্যাতনের ঘটনায় জড়িত দোষীদের বিরুদ্ধে সরকার দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা গ্রহণ করবে বলে মন্তব্য করেছেন । সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন যে- ইতিমধ্যে পুলিশ একজনকে গ্রেপ্তার করেছে । এবং ঘটনার সঙ্গে জড়িত অন্য দুজনের খবরও পাওয়া গেছে । উল্লেখ্য- মুখ্যমন্ত্রী পুলিশকে তাৎক্ষণিকভাবে এই ঘটনায় জড়িত দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন । এই ঘটনার তদন্তের জন্যে দেওয়া নির্দেশ অনুসারে রাজ্য পুলিশের সঞ্চালক প্রধান জি পি সিং গতকাল ধিং গিয়ে উপস্থিত হয়েছেন । শ্রী সিং ঘটনাস্থল পরিদর্শন করে ছাত্রীটির বাড়িতে গিয়ে অভিভাবকদের সঙ্গে কথাবার্তা বলেন । পরে ধিং পুলিশ থানায় সাংবাদিকদের সঙ্গে কথাপ্রসঙ্গে শ্রী সিং বলেন যে- এই ঘটনার তদন্ত সঠিক দিশায় অগ্রগতি লাভ করেছে। পুলিশ যথেষ্ট তথ্য প্রমাণ ইতিমধ্যে লাভ করেছে এবং খুব কম সময়ের মধ্যে দোষীকে সনাক্ত করা হবে বলে তিনি আশ্বাস দিয়েছেন । উল্লেখ্য- এই ঘটনার পরিপ্রেক্ষিতে ধিং অঞ্চলের বিভিন্ন দল-সংগঠন প্রতিবাদ কার্যসূচী অব্যাহত রেখেছে। মুখ্যমন্ত্রী পুলিশকে তাৎক্ষণিকভাবে এই ঘটনায় দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সামাজিক মাধ্যমে দেওয়া এক পোস্টে এই ঘটনাকে মানবতার বিরুদ্ধে অপরাধ বলে অভিহিত করেছেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন কি বাত অনুষ্ঠানের ১১৩ তম পর্বে দেশ বিদেশের জনসাধারণের সঙ্গে মত বিনিময় করবেন। আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ প্রধানমন্ত্রীর কার্যালয়, নিউজ অন এ আই আর অ্যাপের মাধ্যমে এই অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার শোনা যাবে। এই অনুষ্ঠানের অব্যবহিত পরেই অনুষ্ঠানটির আঞ্চলিক ভাষার সম্প্রচার শোনা যাবে।

বিগত কয়েকদিনের বৃষ্টিপাতের ফলে হাইলাকান্দি জেলার লালা ও হাইলাকান্দি রাজস্বচক্রের ২২ টি গ্রামের ৯৩৮ জন লোক বন্যার কবলে পড়েছেন। গতকাল মাটিজুড়ি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে বিদ্যালয়ে একটি ত্রাণশিবির খোলা হয়েছে। এতে ৪৮ জন বন্যাক্রান্ত লোক আশ্রয় গ্রহণ করেছেন। জেলা প্রশাসনের পক্ষ থেকে আশ্রয়শিবিরে ত্রাণ সামগ্রী বন্টন করা হয়েছে। এছাড়া সমাজ কল্যান বিভাগের পক্ষ থেকে ত্রাণশিবিরে আশ্রয় নেওয়া শিশুদের জন্য পরিবেশ বান্ধব সুযোগ সুবিধা প্রদান করা সহ আশ্রিত লোকেদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়েছে। এদিকে জলসম্পদ বিভাগের পক্ষ থেকে কাটাখাল নদীর কুচিলা ও বেরাখালপারের বাঁধে জিওট্যাগ ব্যাগ দিয়ে বন্যার জল প্রবেশ রোধ করার প্রয়াস করা হয়েছে।

প্রবীণ আই এ এস আধিকারীক গোবিন্দ মোহন আজ নতুন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। প্রাক্তন স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লার গতকাল কার্যকাল সমাপ্ত হওয়ার পর তিনি এই পদে স্থলাভিষিক্ত

হয়েছেন। উল্লেখ্য ১৯৮৯ ব্যচের আই এ এস আধিকারীক শ্রী মোহন এর পূর্বে সংস্কৃতি মন্ত্রনালয়ের সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

কাছাড় জেলা পূর্ত বিভাগের বড়খলা ও কাটিগড়া সড়ক শাখার কার্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তিতে অসম মালা প্রকল্পের কাজের জন্য বড়খলা-কালাইন সড়কে সব ধরনের ভারী যান চলাচলে নিষেধাজ্ঞা জারী করেছেন। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বড়খলা-কালাইন সড়কে ১৫ মেট্রিক টনের বেশী যান চলাচলে নিষেধাজ্ঞা বহাল থাকবে।

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজম্যানি নক আউট ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় দর্মিখালের ডিমা ইয়ুথ স্টার মুখোমুখি হবে ব্রাইট স্টার ক্লাবের বিরুদ্ধে। ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগিতার গতকালের খেলায় মথুরাপুর এফ সি ৪-২ গোলের ব্যবধানে ডিমারাজী ওয়ারিয়র দলকে পরাজিত করেছে।
